

U.G. 6th Semester Examination - 2020**BENGALI****Course Code: BBNGDSHT6****Course Title: বাংলা সাহিত্যে প্রাচ্য ও পাশ্চাত্য প্রভাব**

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $1 \times 10 = 10$

- ক) মধুসূদনের 'তিলোত্তমাসম্ভব' কাব্যে কোন্ পাশ্চাত্য কবির প্রভাব রয়েছে?
- খ) মধুসূদনের সনেট রচনায় প্রভাব ফেলেছে এমন দু'জন বিদেশি কবির নাম লেখ।
- গ) কবি জীবনানন্দের 'হায় চিল' কবিতায় কোন্ বিদেশি কবির কোন্ কবিতার প্রভাব রয়েছে?
- ঘ) কোন্ সাহিত্যিককে 'স্কট অব বেঙ্গল' বলা হয়ে থাকে?
- ঙ) বঙ্কিমের হীরা দাসী ও কুন্দনন্দিনী চরিত্রে কোন্ কোন্ চরিত্রের প্রভাব রয়েছে?
- চ) কালিদাসের কোন্ দুটি কাব্য রবীন্দ্রনাথের কাব্য চেতনায় সবচেয়ে বেশি দাগ কেটেছে?

[পরের পাতায়]

- ছ) শেক্সপীয়রের নাট্যরীতি অবলম্বনে রচিত প্রথম বাংলা ট্রাজেডির নাম কী?
- জ) রবীন্দ্রনাথের 'মদন ভঙ্গের পূর্বে' ও 'মদন ভঙ্গের পরে' কবিতায় কালিদাসের কোন্ কাব্যের প্রভাব রয়েছে?
- ঝ) 'রাজসিংহ' উপন্যাসের ঐতিহাসিক কাহিনী বঙ্কিমচন্দ্র কোথা থেকে সংগ্রহ করেছেন?
- ঞ) বঙ্কিমের রজনী উপন্যাসটির প্রকাশকাল কত? কাহিনী উৎস লেখ।
- ট) মধুসূদনের 'বীরাঙ্গনা' কাব্যটি কোন্ পাশ্চাত্য কাব্যের অনুসরণে রচিত?
- ঠ) 'নলিনী বসন্ত' নাটকটির রচয়িতা কে? পাশ্চাত্য কোন্ নাটকের প্রভাব রয়েছে?
- ড) স্কটের সর্বাধিক জনপ্রিয় উপন্যাসটির নাম কী? এটি বঙ্কিমের কোন্ উপন্যাসে বেশ প্রভাব ফেলেছে?
- ঢ) গিরিশচন্দ্র ঘোষের কোন্ সামাজিক নাটকে শেক্সপীয়রের প্রভাব দেখা গেছে?
- ণ) জীবনানন্দের 'বনলতা সেন' কবিতাটির মিল রয়েছে পাশ্চাত্যের কোন্ কবিতার সঙ্গে?

২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 5 = 10$

- ক) মধুসূদনের 'কৃষ্ণকুমারী' নাটকের ভীমসিংহ চরিত্রটি শেক্সপীয়রের কোন্ নাটকের চরিত্রের সঙ্গে মিল রয়েছে?
- খ) বাংলা নাট্যসাহিত্যে জলধর বৃত্তান্তটি কোন্ নাটকের অন্তর্গত? কোন্ বিদেশি কাহিনীর আদলে রচিত?

690/Beng.

[2]

গ) শেক্সপীয়রকে অনুসরণ করে রচিত দ্বিজেন্দ্রলালের শ্রেষ্ঠ ট্রাজেডির নাম কী?

ঘ) রবীন্দ্রনাথের 'রাজা ও রাণী' নাটকের মূল চরিত্রদুটির নাম লেখ। এদের চরিত্র ভাবনার উৎস লেখ।

ঙ) 'The poem is the first tribute to Kalidasa'
— কার, কোন্ কবিতার কথা বলা হয়েছে?

চ) জীবনানন্দের কবি ভাবনায় কোন্ বিখ্যাত ফরাসি কবির ভাবনা স্থান পেয়েছে?

ছ) জীবনানন্দের কাব্যভাবনায় সর্বাধিক প্রভাব বিস্তার করেছিলেন কোন্ পাশ্চাত্য কবি?

জ) রবীন্দ্রনাথের 'গোড়ায় গলদ' প্রহসনটিতে শেক্সপীয়রের কোন্ নাটকের প্রভাব পড়েছে?

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

ক) দ্বিজেন্দ্রলাল রায়ের নাটকে শেক্সপীয়রের প্রভাব কীভাবে পড়েছে তা সংক্ষেপে আলোচনা কর।

খ) বাংলা সাহিত্যে 'সাহিত্য সম্রাট' নামে কে পরিচিত? তাঁর উপন্যাসে পাশ্চাত্যের প্রভাব সংক্ষেপে আলোচনা কর।

গ) কালিদাসের কোন্ কাব্যটি 'দূত কাব্য' নামে পরিচিত? সেই কাব্যটি রবীন্দ্র কবিজীবনের কীভাবে প্রভাব ফেলেছে আলোচনা কর।

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ১ = ১০$

ক) তিনি বাংলা কবিতার 'নতুন মন, নতুন চেতন্য'। কার কথা বলা হয়েছে? তাঁর কবিতায় কীভাবে পাশ্চাত্য প্রভাব পড়েছে তা আলোচনা কর।

খ) বাংলা সাহিত্যের প্রথম মহাকাব্য কোন্টি? এই কাব্যে পাশ্চাত্যের কতখানি প্রভাব পড়েছে তা আলোচনা কর।

গ) নাট্যজগতে কাকে 'বঙ্গের গ্যারিক' বলা হয়? তাঁর নাটকে শেক্সপীয়রের প্রভাব সম্পর্কে আলোচনা কর।